# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ ঘটনা-১: তরুণ প্রভাষক মি. 'ক' তাঁর বিয়ের ইংরেজিতে লেখা একটি দাওয়াত পত্র কলেজের অধ্যক্ষ মহোদয়কে দেন। পত্রটি হাতে নিয়ে অধ্যক্ষ মহোদয় মি. 'ক' কে বলেন "এটি বাংলায় লেখা হলে আরও সুন্দর হতো।"

ঘটনা-২: একটি সংস্থার অনির্বাচিত কমিটির দীর্ঘদিনের স্বেচ্ছাচারী আচরণের কারণে নির্যাতিত 'ক', 'খ' ও 'গ' দের প্রচেষ্টায় একটি প্রতিরোধ কমিটি গঠন করেন। এতে স্বৈরাচারী কমিটি প্রতিরোধ কমিটির লোকজনের ওপর অত্যাচারের মাত্রা বাড়িয়ে দেয়।

ক. ১৯৬৫ সালে আইয়ুব খান কয়জন মেম্বারের ভোটে প্রেসিডেন্ট হন? ১

খ. বাঙালি জাতির মুক্তির সনদ— ব্যাখ্যা কর। ২

গ. ঘটনা-১ এ কোন চেতনায় উদ্বুদ্ধ হয়ে অধ্যক্ষ মহোদয় মিঃ 'ক' কে কথাগুলো বলেছেন? ৩

ঘ. ঘটনা-২ এ সাদৃশ্যপূর্ণ পাকিস্তান আমলের নবগঠিত রাজনৈতিক দলটির ধারাবাহিক আন্দোলনের ফসল হলো আজকের স্বাধীন বাংলাদেশ— বিশ্লেষণ কর। ৪

২.▶ দৃশ্যকল্প-১: রূপনগর অঞ্চলের সুবিধাবঞ্চিত মানুষদের-ভাগ্যের উন্নয়নে একটি অস্থায়ী কমিটি গঠিত হয়। এ কমিটিকে উপদেশ ও পরামর্শ প্রদানের জন্য একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হয়।

দৃশ্যকল্প-২ : 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি
মোরা একটি মুখের হাসির জন্য অস্ত্র ধরি।'

টিভিতে হঠাৎ এই গান শুনে বিশ্ববিদ্যালয় পড়ুয়া সাকিবের বাবা বলেন, "এসব কর্মকাণ্ড আমাদের মুক্তিযুদ্ধের গতিকে বেগবান করেছিল।"

ক. মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? ১

খ. বঙ্গবন্ধুর দ্বিতীয় বিপ্লব বলতে কী বোঝায়? ২

গ. দৃশ্যকল্প-১ এ তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. দৃশ্যকল্প-২ এ সাকিবের বাবার মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৩.▶ উত্তর কোরিয়ার তিনজন নভোচারী চাঁদে যাওয়ার উদ্দেশ্যে নভোযানে করে যাত্রা শুরু করে ভুলক্রমে তারা পৃথিবীর নিকটতম একটি গ্রহে অবতরণ করে, যেখানে কোনো অক্সিজেন নেই, আছে কেবলই কার্বন ডাই-অক্সাইড। অথচ সেখানে রয়েছে প্রচণ্ড বাতাসের চাপ।

ক. মিরিন্ডা কীসের নাম? ১

খ. ওজোন স্তরের তাপমাত্রা অধিক হওয়ার কারণ কী? ২

গ. উত্তর কোরিয়ার নভোচারীগণ ভুলক্রমে কোন গ্রহে অবতরণ করেছেন - ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত গ্রহটির সাথে পৃথিবীর তুলনামূলক আলোচনা কর। ৪

৪.▶ সুমন ঢাকার উত্তর অংশে বাস করেন। সেখানে একই রকমের বেশ কিছু শিল্প-কারখানা গড়ে উঠেছে। বাংলাদেশের যে কোনো অঞ্চলের চেয়ে এখানে জনসংখ্যার ঘনত্ব বেশি। তার ভাই ইমন বাংলাদেশের দক্ষিণ-পূর্ব অংশের একটি জেলায় কর্মরত রয়েছেন, যেখানে জনসংখ্যার ঘনত্ব খুবই কম। এখানে ইমন নানা ধরনের জমি এবং গাছপালা দেখতে পেয়েছেন।

ক. গ্রহাণুপুঞ্জ কী? ১

খ. ভূ-ত্বক বলতে তুমি কী বোঝ? ২

গ. ইমন যেখানে কাজ করেন সেখানকার ভূ-অঞ্চল সম্পর্কে লেখো। ৩

ঘ. উল্লিখিত দুটি অঞ্চলের মধ্যে আমাদের অর্থনীতির জন্য কোনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ? এর সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

৫.▶

| দাও ফিরিয়ে সে অরণ্য<br>লও এ নগর |
|---|

ক. বাংলাদেশে মোট কত বর্গ কিলোমিটার জুড়ে স্রোতজ বা গরান বনভূমি আছে? ১

খ. পরিবেশ রক্ষায় বনভূমির গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. শিল্প উন্নয়নে পোস্টারে নির্দেশিত প্রাকৃতিক সম্পদ কীভাবে ভূমিকা রাখে? ৩

ঘ. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে উক্ত সম্পদের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬.▶ রহমান সাহেব জাতীয় সংসদ নির্বাচনে জনগণের ভোটে নির্বাচিত হন। দেশ পরিচালনায় তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। অন্যদিকে নিজ দল থেকে মনোনীত আনিস্ ইসলাম সাহেব রাষ্ট্রের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদের

https://teachingbd24.com

দায়িত্ব লাভ করেন। যদিও রহমান সাহেব আদালতের রায়ে অভিযুক্ত হয়ে কোন শাস্তি পেলে তা এড়াতে পারেন না। কিন্তু আনিস ইসলাম সাহেব তা পারেন।

ক. অধ্যাদেশ কে জারি করেন? ১

খ. নির্বাহী বিভাগের সদস্য কারা? ২

গ. আনিস ইসলাম সাহেবের কাজের সাথে বাংলাদেশের নির্বাহী বিভাগের কোন ব্যক্তির কাজের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রহমান সাহেব নির্বাহী বিভাগের মধ্যমণি— তুমি কি এই বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶

| সংবিধান সংশোধনী | সংশোধনীর বছর |
|---|---|
| ১২তম সংশোধনী | ১৯৯১ |
| ১৩তম সংশোধনী | ১৯৯৬ |

ক. CEC এর পূর্ণরূপ কী? ১

খ. প্রতিনিধিত্বশীল গণতন্ত্র বলতে তুমি কী বোঝ? ২

গ. ১৩তম সংশোধনীর মধ্যদিয়ে বাংলাদেশে কী ধরনের সরকার প্রতিষ্ঠিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় ১২তম সংশোধনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে— তুমি কি একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৮. ▶ আনিকা বাংলাদেশ থেকে নরওয়ের একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে। নরওয়ে থেকে আশেপাশের ইইউভুক্ত কয়েকটি দেশেও তার যাবার সুযোগ হয়েছে। সেখানে আনিকা লক্ষ করেছে বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার সঙ্গে ঐসব দেশের আর্থ-সামাজিক অবস্থার অমিল অনেক বেশি। সেখানে সে এ সত্যটি উপলব্ধি করেছে যে, বসবাসের জায়গা হিসেবে বাংলাদেশের চেয়ে ঐসব দেশ অনেক ভালো অবস্থানে রয়েছে।

ক. ২০১১-১২ অর্থবছরের প্রথম ছয়মাসে বাংলাদেশের মোট আমদানির কতভাগ চীন থেকে এসেছে? ১

খ. 'দারিদ্র্যের ধারণাটি' ব্যাখ্যা কর। ২

গ. আনিকার দেখা ইউরোপের দেশসমূহকে উন্নয়নের মাত্রার ভিত্তিতে যে ধরনের দেশে ফেলা যায় তাদের আর্থ-সামাজিক অবস্থা বর্ণনা করো। ৩

ঘ. 'আনিকা'র দেখা ইউরোপের দেশগুলোর বৈশিষ্ট্য উন্নত দেশের বৈশিষ্ট্যেরই প্রতিফলন—যুক্তিসহকারে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯.▶ প্রেক্ষাপট-১ ঃ নারী উদ্যোক্তা মিসেস সালেহার একটি বুটিক কারখানা ও দোকান আছে। ঐ সকল প্রতিষ্ঠান থেকে প্রতিবছর যে আয় করেন তা হিসেব করে সরকারকে কর প্রদান করেন।

প্রেক্ষাপট-২ঃ ধনাঢ্য ব্যবসায়ী নূরুল হক একজন আমদানি ও রপ্তানিকারক। তিনি তার কার্যক্রমে যথাযথ রাজস্ব দেন না।

ক. কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম প্রধান কাজ কোনটি? ১

খ. ব্যাংককে কেন ঋণের কারবারি বলা হয়? ২

গ. মিসেস সালেহা কোন ধরনের কর প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রেক্ষাপট-২ এর কার্যক্রম যথাযথ বাস্তবায়ন হলেই কি সরকারের আয় পরিপূর্ণ হবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ জাবেদ স্কুল বাসে করে স্কুলে যাচ্ছিল। হঠাৎ এক জায়গায় গাড়িটি ট্রাফিক জ্যামে আটকা পড়ে। জাবেদ জানালা দিয়ে বাইরে তাকাতেই একটি সাইনবোর্ড তার চোখে পড়ে। সাইনবোর্ডে একটি পরিবারের ছবি। বাবা-মা ও তাদের দুই সন্তান। মায়ের কোলে সুন্দর ফুটফুটে একটি মেয়ে এবং বাবা-মায়ের মাঝে দাঁড়িয়ে আছে ছেলে। সাইনবোর্ডে লেখা ছিল ছোট পরিবার সুখী পরিবার।

ক. পরিবার কাকে বলে? ১

খ. মিথস্ক্রিয়া বলতে কী বোঝায়? ২

গ. আকারের ভিত্তিতে জাবেদের দেখা পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৩

ঘ. শিশুর সামাজিকীকরণে উক্ত পরিবারের সুবিধা ও অসুবিধা আলোচনা কর। ৪

১১.▶ আফ্রিকার একটি দেশে বিভিন্ন বয়সী লোকেরা নানা অপরাধের সাথে জড়িত। মানুষজন অতিমাত্রায় মদ পান করে। এদেশের লোকজন তার দেশে বসবাসরত বিভিন্ন দেশের নাগরিকদের তাদের ব্যবসা প্রতিষ্ঠান থেকে অপহরণ করে। সামাজিক মূল্যবোধ ও রাজনৈতিক স্থিতিশীলতার অভাবে বিচারকার্যে ন্যায়বিচার অনুপস্থিত, রাষ্ট্রীয় সকল ক্ষেত্রে দুর্নীতি বিরাজমান।

ক. জঙ্গি শব্দটির ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. 'এসিড অপরাধ দমন আইন-২০০২' এর বিবরণ দাও। ২

গ. উদ্দীপকের বিষয়গুলো কীসের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সৃষ্ট অবস্থা কি মূল্যবোধের অবক্ষয়ের ফল? যুক্তি সহকারে উপস্থাপন কর। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **'আসাদের শার্ট' কবিতাটি কে রচনা করেন?**
ক) আলাউদ্দিন আল আজাদ
খ) মাহবুব-উল-আলম চৌধুরী
গ) কাজী নজরুল ইসলাম
ঘ) শামসুর রাহমান

২. **১৯৪৮ সালে পাকিস্তানের গভর্নর জেনারেল কে ছিলেন?**
ক) খাজা নাজিমুদ্দীন
খ) লিয়াকত আলী খান
গ) মোহাম্মদ আলী জিন্নাহ
ঘ) ইস্কান্দার মীর্জা

৩. **বুদ্ধিজীবীদের হত্যা করা হয় কত তারিখে?**
ক) ১২ ডিসেম্বর খ) ১৪ ডিসেম্বর
গ) ১৫ ডিসেম্বর ঘ) ১৬ ডিসেম্বর

৪. **মুক্তিযুদ্ধের মূল নিয়ামক শক্তি ছিল কারা?**
ক) মুক্তিযোদ্ধারা খ) সাধারণ জনগণ
গ) বুদ্ধিজীবীরা ঘ) রাজনৈতিক নেতারা

৫. **আণবিক শক্তি সৃষ্টির প্রক্রিয়ায় সূর্যে অনবরত তৈরি হচ্ছে—**
ক) হাইড্রোজেন→হিলিয়াম→শক্তি
খ) অক্সিজেন→নাইট্রোজেন→কার্বন ডাই অক্সাইড
গ) অক্সিজেন→হিলিয়াম→নাইট্রোজেন
ঘ) হাইড্রোজেন→হিলিয়াম→অক্সিজেন

৬. **কঠিন ভূত্বকের সৃষ্টি হয়েছে কীভাবে?**
ক) শীতল ও ঘনীভূত হয়ে
খ) পাথর জমে
গ) লোহা সৃষ্টির মাধ্যমে
ঘ) আগ্নেয় শিলার মাধ্যমে

**উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
পায়েল বাংলাদেশের এমন একটি ভূ-প্রাকৃতিক অঞ্চলে বেড়াতে গিয়েছিল যেটি বাংলাদেশের উত্তর পশ্চিম অঞ্চলে অবস্থিত এবং যার আয়তন বাংলাদেশের মোট ভূমির ৮% এলাকা জুড়ে রয়েছে।

৭. **পায়েল কোথায় বেড়াতে গিয়েছিল?**
ক) দিনাজপুর খ) কুমিল্লা
গ) সিলেট ঘ) গাজীপুর

৮. **উক্ত অঞ্চলে—**
i. পত্রপতনশীল বৃক্ষের বনভূমি রয়েছে
ii. জনবসতি কম
iii. ২৫০০০ বছর পূর্বে চত্বরভূমি গড়ে উঠেছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৯. **তিস্তা বাঁধ থেকে সুবিধা ভোগ করে—**
i. যশোর অঞ্চলের মানুষ
ii. রংপুর অঞ্চলের মানুষ
iii. দিনাজপুর অঞ্চলের মানুষ
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. **নদী শুকিয়ে যাওয়ার জন্য দায়ী—**
i. পুকুরে পানি সংরক্ষণ
ii. যত্রতত্র ব্রিজ নির্মাণ
iii. পাম্প দিয়ে পানি উত্তোলন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. **গ্রামের একজন ছেলে শহরের কলেজে এসে ভর্তির নিয়ম কানুন জানতে চাইলে, তাকে তা জানতে দেয়া হয়নি। ছেলেটির কোন অধিকার ক্ষুণ্ন হলো?**
ক) রাজনৈতিক খ) তথ্য
গ) জীবনধারন ঘ) শিক্ষা

১২. **রাষ্ট্রে নাগরিকদের আইনগত অধিকার নিশ্চিত হলে নাগরিকগণ—**
i. উন্নত ও নিরাপদ জীবন যাপন করে
ii. রাজনৈতিকভাবে সচেতন হয়ে ওঠে
iii. রাষ্ট্রের প্রতি অনুগত থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**




১৩. **'?' চিহ্নিত স্থানে কী বসবে?**
ক) সংবিধান খ) সংস্থা
গ) রাষ্ট্র ঘ) নাগরিক

Teachingbd24.com

১৪. উপরিউক্ত ছকের উপাদানগুলোর মধ্যে সার্বভৌমত্ব সবচেয়ে গুরুত্বপূর্ণ। কারণ—
i. এটি সর্বোচ্চ ক্ষমতা
ii. এই ক্ষমতার মাধ্যমে রাষ্ট্র নিজেকে অন্য রাষ্ট্রের আক্রমণ থেকে রক্ষা করে
iii. এটি শুধু অভ্যন্তরীণ সার্বভৌমত্ব
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

১৫. পদমর্যাদায় কে সবার উপরে?
ⓚ স্পিকার ⓚ প্রধান বিচারপতি
ⓖ রাষ্ট্রপতি ⓘ প্রধানমন্ত্রী

১৬. 'অভিশংসন' বলতে কী বোঝ?
ⓚ সংসদ ভেঙে যাওয়া
ⓚ রাষ্ট্রপতির অপসারণ
ⓖ নিন্দা প্রস্তাব
ⓘ বিল উত্থাপন

১৭. নির্বাচন প্রচারণায় নিষিদ্ধ করা হয়েছে কোনটি?
ⓚ দেয়াল লিখন ⓚ পোস্টার লাগানো
ⓖ মিছিল করা ⓘ ক্লাব গঠন

১৮. ২০০১ সালে কততম সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়?
ⓚ ষষ্ঠ ⓚ ৭ম
ⓖ ৮ম ⓘ ৯ম

১৯. ১৯৪৩ সালে ৪টি প্রধান শক্তির দেশ কয়টি দেশে সম্মেলন করে?
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓘ ৫টি

২০. শান্তি মিশনে বাংলাদেশ সেনাবাহিনীর পাশাপাশি নিয়োজিত আছেন—
i. পুলিশ বাহিনী
ii. র‍্যাব বাহিনী
iii. মহিলা পুলিশ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২১. কোন অর্থব্যবস্থাকে 'সমাজের অর্থনৈতিক সংগঠন' বলা হয়?
ⓚ ধনতন্ত্র ⓚ সমাজতন্ত্র
ⓖ মিশ্র ⓘ ইসলামি

২২. সরকারি ও বেসরকারি খাতের সহাবস্থান ঘটে কোথায়?
ⓚ মিশ্র অর্থব্যবস্থায়
ⓚ ধনতান্ত্রিক অর্থব্যবস্থায়
ⓖ ব্যক্তিতান্ত্রিক অর্থব্যবস্থায়
ⓘ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায়

**উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**
২০০৭ সালে 'ক' দেশের মোট জাতীয় ছিল ৯৮০০ কোটি মার্কিন ডলার এবং জনসংখ্যা ছিল ১৪ কোটি।

২৩. ২০০৭ সালে 'ক' দেশের মাথাপিছু আয় কত মার্কিন ডলার ছিল?
ⓚ ৬০০ ⓚ ৭০০
ⓖ ৮০০ ⓘ ৯০০

২৪. উক্ত সূচক প্রকাশ করে 'ক' দেশের মানুষের —
i. জীবনযাত্রার মান
ii. সর্বস্তরের হার
iii. শিক্ষার হার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓘ i ও iii

২৫. কোন ধরনের পরিবার আধুনিক সভ্য সমাজে দেখা যায় না?
ⓚ বহুপতি ⓚ একক
ⓖ নয়াবাস ⓘ একপত্নী

২৬. কর্তৃত্বের ভিত্তিতে পরিবার কয় ধরনের?
ⓚ দুই ⓚ তিন
ⓖ চার ⓘ পাঁচ

২৭. বাংলাদেশে কোন শিক্ষার প্রসার জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করেছে?
ⓚ বয়স্ক শিক্ষার ⓚ নারী শিক্ষার
ⓖ কর্মমুখী শিক্ষার ⓘ প্রাথমিক শিক্ষার

২৮. সামাজিক পরিবর্তনের জৈবিক উপাদান কোনটি?
ⓚ ধর্মীয় মূল্যবোধ ⓚ আদর্শের ভিন্নতা
ⓖ জনসংখ্যার ঘনত্ব ⓘ মূল্যাবোধের পার্থক্য

২৯. কোন পরিবারে বৃদ্ধ পিতা-মাতা নিরাপত্তাহীনতায় ভোগে?
ⓚ যৌথ পরিবারে
ⓚ একক পরিবারে
ⓖ নয়াবাস পরিবারে
ⓘ অন্তর্গোত্র পরিবারে

৩০. শিল্পায়ন ও নগরায়ণের সম্পর্ক কীরূপ?
ⓚ বিপরীত ⓚ নির্ভরশীল
ⓖ একই ⓘ সমসাময়িক

Teachingbd24.com

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |